সরকারি আইনউদ্দীন কলেজ, মধুখালী, ফরিদপুর।

অর্ধবার্ষিক পরীক্ষা-২০২১

শ্রেণিঃ একাদশ (২০২০-২০২১ শিক্ষাবর্ষ)

বিষয়ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

পূর্ণমানঃ১০০ বিষয় কোডঃ২৯২-২৯৩

ক-বিভাগঃ সৃজনশীল (সকল প্রশ্নের উত্তর দাও) ৬X১০=৬০

১। জনাব আলম বিনিয়োগের বিষয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছেন। তার বিবেচ্য দুইটি কোম্পানির তথ্য নিম্নরূপ:

কোম্পানির নাম	প্রত্যাশিত আয়ের হার	ঝুঁকির হার
তাফিফ গ্রুপ	২০%	৮%
তাহিম গ্রুপ	১৫%	৪%

ক) ঝুঁকি অধিহার কী ? ১

খ) তারল্য ও মুনাফার মধ্যে কীরূপ সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে জনাব আলম যদি তাহিম গ্রুপে বিনিয়োগ করেন, তাহলে সেটি অর্থায়নের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে জনাব আলম যদি উভয় কোম্পানিতে বিনিয়োগ করতেন তাহলে তার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

২। জনাব ফারুক একটি ব্যাংকে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে ৫ বছর পর ৩,৭০,০০০ টাকা পাবেন। ফারুকের বন্ধু জনাব সুমনের ১,০০,০০০ টাকা আছে ও বিনিয়োগের জন্য দুইটি প্রকল্প আছে। তিনি যদি প্রকল্প-১ তে বিনিয়োগ করেন তাহলে আগামী ৫ বছর যথাক্রমে ২৫,০০০ টাকা; ২৮,০০০ টাকা; ২২,০০০ টাকা; ২৫,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা পাবেন। অন্যদিকে প্রকল্প-২ তে বিনিয়োগ করলে আগামী ৫ বছর তিনি ২৫,০০০ টাকা করে পাবেন। প্রত্যাশিত আয়ের হার ১০%।

ক) সরল সুদ কাকে বলে? ১

খ) বিধি-৬৯ ও বিধি-৭২ কী? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে ফারুকের বিনিয়োগে সুদের হার নির্ণয় কর। ৩

ঘ) জনাব সুমনের বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি উত্তম? বিনিয়োগ সিদ্ধান্তটি মূল্যায়ন কর। ৪

৩। আর্থিকভাবে সচ্ছল বাণিজ্যিক ব্যাংক রূপসা লি. অপেক্ষাকৃক দুর্বল দুটি বাণিজ্যিক ব্যাংক গোমতি ব্যাংক লি. ও গড়াই ব্যাংক লি. এর অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণ নেওয়ার প্রস্তাব দেয়। কিন্তু ব্যাংক দুটি সে প্রস্তাব ফিরিয়ে দেয়। ব্যাংক দুটি যৌথভাবে সহযোগিতার ভিত্তিতে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কাজ পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা শুরু করে।

ক) শান্সী ব্যাংক কোন সভ্যতায় দেখা গিয়েছিলো? ১

খ) ব্যাংক ব্যবস্থার উন্নয়নের বিভিন্ন ধাপ আলোচনা কর। ২

গ) উদ্দীপকে রূপসা ব্যাংক লি. কোন ধরণের ব্যাংক গঠনের প্রস্তাব দিয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে দুর্বল ব্যাংক দুটির রূপসা ব্যাংক লি. কর্তৃক প্রদত্ত প্রস্তাব প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪। সম্প্রতি বাণিজ্যিক ব্যাংকগুলো আবাসন শিল্পখাতে অধিক পরিমাণ ঋণ দেওয়ায় বাজারে মুদ্রাস্ফীতি দেখা দিয়েছে। তাই কেন্দ্রীয় ব্যাংক সঞ্চিতি বাড়ানোর সিদ্ধান্ত নেয়। কিন্তু তাতে ঋণ সরবরাহ পরিস্থিতি তেমন পরিবর্তন না হওয়ায় ব্যাংকটি কিছু বন্ড বাজারে ছেড়েছে। এত গ্রাহকদের মধ্যে ব্যাপক সাড়া পাওয়া যাচ্ছে।

ক) CRR ও SLR কী? ১

খ) কেন্দ্রীয় ব্যাংককে মুদ্রা বাজারের অভিভাবক বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণের জন্য প্রথমে কোন পদ্ধতিটি ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে ঋণ নিয়ন্ত্রণের পরবর্তী পদ্ধতিটি মুদ্রাস্ফীতির উপর কোন প্রভাব ফেলবে কী? বিশ্লেষণ কর। ৪

৫। জনাব মজিবর জটিল রোগে আক্রান্ত। তিনি চুক্তিবদ্ধ হয়ে একটি বিমা প্রতিষ্ঠান থেকে পাঁচলক্ষ টাকার জীবন বিমাপত্র সংগ্রহ করেন। তিনি চুক্তির সময়ে তার রোগের বিষয়টি উল্লেখ করেননি। ৬মাস পর তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমাদাবি পেশ করেন। কিন্তু বিমা প্রতিষ্ঠানটি বিমাদাবি পরিশোধে অস্বীকৃতি জানায়।

ক) আদর্শিক ঝুঁকি কী ? ১

খ) বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে জনাব মজিবর বিমা চুক্তির কোন নীতি লঙ্ঘন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বিমা প্রতিষ্ঠানটির সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

৬। জনাব আবির ২০০৫ সালে একটি বিমা কোম্পানির সাথে মাসিক প্রিমিয়াম দেওয়ার বিনিময়ে ১৫ বছরের জন্য একটি চুক্তি করেন। ১৫ বছরের মধ্যে তিনি মারা গেলে তার মনোনীত ব্যক্তি বিমার অর্থ পাবেন আর বেঁচে থাকলে তিনি নিজেই অর্থ গ্রহণ করবেন। আর্থিক দুর্দশার কারণে ৭ বছর পর তিনি বিমাটি বন্ধ করার আবেদন করেন এবং প্রদত্ত প্রিমিয়ামের ২৫ শতাংশ ফেরত দাবি করেন।

ক) সমর্পণ মূল্য কী? ১

খ) জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ) উদ্দীপকের আবির মেয়াদভিত্তিক কোন ধরণের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বিমা প্রতিষ্ঠানটি কী আবির সাহেবকে দাবিকৃত অর্থ ফেরত দিবে? বিশ্লেষণ কর। ৪

খ-বিভাগঃ সংক্ষিপ্ত প্রশ্ন (সকল প্রশ্নের উত্তর দাও) ৪০X১=৪০

৭। চিরস্থায়ী বৃত্তি কী।
৮। চক্রবৃদ্ধি সুদ কী?
৯। অগ্রিম অ্যানুইটি কাকে বলে?
১০। সুযোগ ব্যয় কী?
১১। অর্থের সময়মূল্য কাকে বলে?
১২। নামিক সুদের হার ও কার্যকর সুদের হারের পার্থক্য কী?
১৩। জীবন বিমা কাকে বলে?
১৪। মৃত্যুহারপঞ্জি কী?
১৫। দ্বৈতবিমা কী?
১৬। প্রিমিয়াম কাকে বলা হয়?
১৭। জীবন বিমায় বয়স প্রমাণের জন্য কোন কোন দলিল ব্যবহার হয়?
১৮। আজীবন বিমাপত্র কাকে বলে?
১৯। সাময়িক বিমাপত্র কত সময়ের জন্য করা হয়?
২০। বিশ্ব বাণিজ্য সংস্থা কত সালে প্রতিষ্ঠিত হয়?
২১। অর্থায়ন কাকে বলে?
২২। CAPM মডেলের উদ্ভাবক কে?
২৩। সরকারি অর্থায়ন কাকে বলে?
২৪। মুনাফা সর্বাধিকরণ ও সম্পদ সর্বাধিকরণের পার্থক্য কী?
২৫। ব্লাক টুয়েসডে কী?
২৬। তহবিল সংগ্রহ কী?
২৭। ব্যাংকার কে?
২৮। কাদেরকে Monte বলা হয়?
২৯। গারনিশী আদেশ কী?
৩০। বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজের নাম লিখ।
৩১। দু'টি সরকারি ব্যাংকের নাম লিখ।
৩২। বাংলাদেশে কোন ধরণের ব্যাংক ব্যবস্থা বিদ্যমান?
৩৩। গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে?
৩৪। নিকাশ ঘর কাকে বলে?
৩৫। BACH ও EFT এর পূর্ণরূপ কী?
৩৬। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
৩৭। বর্তমানে ব্যাংক রেটের হার কত?
৩৮। তারল্য কাকে বলে?
৩৯। 'ব্যাংক অব ইংল্যান্ড' কত সালে প্রতিষ্ঠিত হয়?
৪০। ঋণ নিয়ন্ত্রণের তিনটি পদ্ধতির নাম লিখ।
৪১। বিশ্বস্ততা বিমা কাকে বলে?
৪২। অবিমাযোগ্য ঝুঁকি কী? দু'টি উদাহরণ দাও।
৪৩। ঝুঁকি কী?
৪৪। মৃত্যুহারপঞ্জির ব্যবহার শুরু হয় কোন সাল থেকে?
৪৫। বিমা কাকে বলে?
৪৬। বাংলাদেশে দীর্ঘদিন কত সালের বিমা আইন চালু ছিল?